গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
সংস্থাপন শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd

নং- ৫৭.০৩.০০০০.০৪৬.১১.০৯৭.২৩- ৪১১ তারিখ: ২০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ০৫ জুলাই, ২০২৩ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৫১.১১.০০১.২০-১৩১ নম্বর পত্র ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১৫ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৪৬.১১.০৯৭.২৩-৭৫৮ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে স্থায়ী রাজস্ব খাতভুক্ত **ইলেকট্রিশিয়ান-কাম-পাম্প অপারেটর** পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১৪তম গ্রেডের টাকা ১০২০০-২৪৬৮০/- বেতনক্রমে এবং সরকার অনুমোদিত অন্যান্য সুবিধাদিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রার্থীর রোল নং | প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম এবং জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | ১৮০০০০০৩ | জনাব সুবল কান্তি দাস<br>পিতা: সুখেন্দ্র চন্দ্র দাশ<br>মাতা: বর্ণালী রানি দাশ<br>জন্ম তারিখ: ০৯/১১/১৯৯৬ | গ্রাম: হামুয়া<br>ডাকঘর: শায়েস্তাগঞ্জ<br>উপজেলা: শায়েস্তাগঞ্জ<br>জেলা: হবিগঞ্জ |
| ০২ | ১৮০০০০০২ | জনাব বায়জিদ<br>পিতা: মঞ্জুরুল হক<br>মাতা: বেদেনা খাতুন<br>জন্ম তারিখ: ০১/০১/২০০১ | গ্রাম: রায়দুম বাঘরা<br>ডাকঘর: চল্লিশা বাজার<br>উপজেলা: নেত্রকোনা সদর<br>জেলা: নেত্রকোনা |

২. এ আদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**নিয়োগের শর্তাবলি:**

(ক) যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক ডোপটেস্টসহ স্বাস্থ্য পরীক্ষার সনদের মূল কপি জমা প্রদান করতে হবে।

(খ) সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট প্রাপ্তির পর সন্তোষজনক চাকরির শর্তে "কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০" এর বিধি ৬(৩)(কে) ও বিধি ৬(৫) মোতাবেক চাকরি স্থায়ী করা হবে।

(গ) পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে এবং প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে অসত্য/ভূয়া প্রমাণিত হলে অথবা নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে নিয়োগ যোগ্যতার সাথে শিক্ষাগত যোগ্যতা সংগতিপূর্ণ না হলে "কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০" এর বিধি ৬(১)(ক), বিধি ৬(২)(ক) এবং বিধি ৬(৩)(খ)(অ) মোতাবেক নিয়োগ-আদেশ বাতিল হবে।

(ঘ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আদেশ এবং বিধি-বিধান প্রযোজ্য হবে।

(ঙ) সরকারি বিধি মোতাবেক চাকরিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

(চ) যোগদানকালে প্রার্থীকে অবশ্যই চাকরির রঙ্গিন আবেদনপত্র (Applicant's Copy), রঙ্গিন প্রবেশপত্র, ০২ (দুই) কপি রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, প্রাধিকার কোটায় সুপারিশকৃত প্রার্থীদের প্রাধিকার কোটার স্বপক্ষে (এতিম/প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র-নৃগোষ্ঠী এবং আনসার-ভিডিপি) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি জমা দিতে হবে।

(ছ) সুপারিশকৃত প্রার্থীদের আগামী **০১ জুলাই, ২০২৪** তারিখে অফিস চলাকালীন সময়ে **মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(জ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা দেয়া হবে না।

20-06-24

(এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন)
অতিরিক্ত সচিব ও পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।

নং- ৫৭.০৩.০০০০.০৪৬.১১.০৯৭.২৩-৪১১ তারিখ: ২০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

**<u>সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-</u>**

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।

২. অতিরিক্ত সচিব (কারিগরি)/ প্রশাসন ও উন্নয়ন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।

৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।)

৪. পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০। (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।)

৬. চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, চিফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

৭. ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয় -----------------।

৮. সহকারী পরিচালক (১/২/৩/৫/৬/৭/৮/৯/১০/১১/১২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৯. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

১১. জনাব -------------------------------------------------------------------।

১২. সংরক্ষণ নথি।

20/06/24

(খন্দকার হুমায়ুন কবীর)
সহকারী পরিচালক